দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

# যুক্তরাষ্ট্রে বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে

ইনস্টিটিউট অব 'ইন্টারন্যাশনাল এডুকেশন (আইআইই) কর্তৃক বিদেশী ছাত্র-ছাত্রীদের ওপর পরিচালিত একটি জরিপে দেখা গেছে যে, যুক্তরাষ্ট্রের কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের সংখ্যা পুনরায় বৃদ্ধি পেয়েছে।

'ওপেন ডোরসঃ রিপোর্ট অন ইন্টারন্যাশনাল এডুকেশনাল এক্সচেঞ্জ' সাম্প্রতিকতম বার্ষিক সংখ্যায় উল্লিখিত পরিসংখ্যান অনুযায়ী আমেরিকান কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে ১৯৯৩-৯৪ সালে ৩ হাজার ২শ' ৩৬ জন বাংলাদেশী ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হয়। এর মধ্যে ৬০.৩ শতাংশ আন্ডারগ্রাজুয়েট ক্লাসে, ৩৭.০ শতাংশ গ্রাজুয়েট ক্লাশে এবং ২.৭ শতাংশ অন্যান্য ক্লাসে অধ্যয়ন করছে। ১৯৯২-৯৩ সালে ২ হাজার ৯শ' ৩৩ জন বাংলাদেশী ছাত্র-ছাত্রীর হিসাবে উপরোক্ত সংখ্যা হচ্ছে শতকরা ১০.৩ ভাগ বেশি।

অপরদিকে ১৯৯২-৯৩ সালের তুলনায় ১৯৯৩-৯৪ সালে যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত পাকিস্তান ও ভারতের ছাত্র-ছাত্রী সংখ্যা যথাক্রমে শতকরা ৯ ভাগ ও ৩.২ ভাগ হারে হ্রাস পেয়েছে, যদিও এই দু'টি দেশের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা এখনও বেশি রয়েছে। প্রকাশিত রিপোর্ট মোতাবেক ১৯৯৩-৯৪ সালে ভারত থেকে ৩৪ হাজার ৭শ' ৯৬ জন ছাত্র-ছাত্রী যুক্তরাষ্ট্রে পড়াশুনা করতে গেছে। তার মধ্যে শতকরা ৭৯.১ ভাগ পড়ছে গ্রাজুয়েট ক্লাসে। পাকিস্তানী ছাত্র-ছাত্রীদের সংখ্যা হচ্ছে ৭ হাজার ২শ' ৯৯ জন (গ্রাজুয়েট ক্লাসে শতকরা ৩৭ ভাগ)

১৯৯৩-৯৪ সালে যুক্তরাষ্ট্রের কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিদেশী ছাত্র-ছাত্রীদের সংখ্যা হচ্ছে ৪ লাখ ৪৯ হাজার ৭শ' ৫০ জন। ইউসিস।